


# যুগান্তর

বিভাগ একীভূতকরণ

## পাবিপ্রবিত্তে ডিনের অপসারণ চেয়ে লাল কার্ড

প্রকাশ : ২০ অক্টোবর ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ

 পাবনা প্রতিনিধি

ইটিই বিভাগকে ইইই বিভাগে রূপান্তরের চেষ্টার প্রতিবাদে বিক্ষোভ ও অবস্থান কর্মসূচি পালন করেছেন পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (পাবিপ্রবি) ট্রিপল ই বিভাগের শিক্ষার্থীরা। এ নিয়ে ক্যাম্পাসে উত্তেজনা দেখা দেয়। শনিবার দুপুরে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে শিক্ষার্থীরা এই বিক্ষোভ মিছিল বের করেন। বিক্ষোভকালে প্রকৌশল অনুষদের ডিন ড. শেখ রাসেল আল আহমেদসহ তিন শিক্ষকের অপসারণ চেয়ে বিভিন্ন স্লোগান দেন তারা। এ সময় ডিনের অপসারণ চেয়ে লাল কার্ড প্রদর্শন করেন শিক্ষার্থীরা। পরে ট্রিপল ই অনুষদের সামনে অবস্থান কর্মসূচি পালন করেন তারা। শিক্ষার্থীরা অভিযোগ করেন, ইটিই বিভাগের শিক্ষার্থীরা বেশ কিছুদিন ধরে ট্রিপল ই বিভাগের সঙ্গে একীভূত করার দাবিতে আন্দোলন করছেন। কিন্তু ইটিই বিভাগের শিক্ষার্থীরা যেসব দাবি তুলে আন্দোলন করছেন তা অযৌক্তিক। তাদের আন্দোলনের কারণে দুই বিভাগের শিক্ষার্থীদের ক্লাস পরীক্ষা বিঘ্নিত হচ্ছে। দ্রুত এর সমাধান চান তারা। এ ব্যাপারে জানতে চাইলে পাবিপ্রবির ভিসি প্রফেসর ড. এম রোস্তুম আলী বলেন, বিষয়টি খুব সহজ নয়। এতে উভয় বিভাগের শিক্ষক-শিক্ষার্থীদের ঐকমত্য থাকতে হবে। তিনি বলেন, এ ব্যাপারে আমি দুটি কমিটি করে দিয়েছি। একটি কমিটি ইউজিসির মতামত নেবে এবং একটি কমিটি ইটিই এবং ট্রিপল-ই বিভাগের শিক্ষক-শিক্ষার্থীদের সঙ্গে আলোচনা করে সমাধানের সুপারিশ করবে।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২।  
ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।